

কৃষককে রক্ষা করিবার কি উপায় অবলম্বন করিয়াছেন, এইবার তাহা দেখি।

(ক্রমশঃ)

শ্রীগৌরীশঙ্কর বন্দ্যোপাধ্যায়,

বিএ ক্লাস।

আখ্যায়িকার বিদায়-গ্রহণ।

(টেনিসনের অনুসরণে)

(প্রোফেসর শ্রীযুক্ত পুলিনবিহারী কর-রচিত)

কাল-প্রবর্তনে প্রথা পুরাতন,
 চলে যায় দ্বিগুণে নবীনে আসন ;
 ইচ্ছাময় ইচ্ছা—মানব-মঙ্গল—
 বিবিধ বিধানে করেন সফল,
 এক(ই) সুনিয়ম, পাছে চিরন্তন
 আবিলতা আনে ধরায় নূতন !
 শাস্ত হও বীর, আপনাপনি ;
 কি শক্তি মম দিতে সেই মনি ?
 সাঙ্গ আজি মম জীবনের ব্রত,
 যা কিছু করেছি কর্তব্য নিম্নত
 ঈশ্বরে অর্পিত সর্ব কর্মফল,
 করুণার ধারে করুন নিখল !
 যতদিন ছাড়ি না যাবে সংসার
 না হের আমারে যদি পুনর্বার
 কর এই সার কর্তব্য জীবনে
 আত্মার আমার মুক্তির কারণে
 বসি নিরালায় প্রেম-ভক্তিতরে
 রহি এক ধ্যানে প্রার্থিবো ঈশ্বরে !

জানে না জগৎ মোহের স্বপনে
 অঘটন ঘটে বিধি-উপাসনে ;
 নিশিদিন তাই যেন নিরবর
 কুলুকুলুধ্বনি, প্রার্থনার স্বর,
 —শান্ত সুশীতল—বিত্ত প্রতি ধার ।
 কি বর্ণিব আমি কি শাস্তি তাহার !
 কিসের গরব মানবের মনে
 গণ্ড হ'তে উচ্চ বসিতে আসনে
 —উন্মীলিত নয় জানের নয়ন
 জানে না যাহারা জগৎ-কারণ—
 কিসের গরব মানব-জীবন,
 বিশ্বপতি-বিধি পেয়ে নিদর্শন
 উর্দ্ধবাহু যদি না করে প্রার্থনা
 আপনার তরে বান্ধব-স্বজনা ?
 এই উপাসনা-সুবর্ণ-শৃঙ্খলে
 ত্রিভুবন বাঁধা বিধি-পদতলে !
 কি কহিব আর—বিদায় এখন
 বহুদূর পথে, করিছি গমন !—
 জানিনাক সেই দেশের সন্ধান,
 কুহেলি-আবৃত—মন সন্ধিহান—

(যেথা) নাহি ঝঙ্কাবাত, বরিষার ধার
 শিলাবৃষ্টি নাই, হিমালী-ভুষার ;
 নিশিদিন যেথা মৃদুল মলয়
 পারিজাত-পুষ্প-পরিমল বয়,
 কোকিল-কুঞ্জন ভ্রমর-গুঞ্জন
 ছায়া সুশীতল নিকুঞ্জ কানন
 পেলব প্রশ্ন, লতার দোলানি
 কি আনন্দ হৃদে দিবে যোগি আনি !